গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক

সচিবালয়: বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্‌স

কার্যক্রম পরিচালনায়: BILS- Social Safety Net for Workers Project

(শ্রমজীবী মানুষের জীবন ও জীবিকার নিরাপত্তার জন্য ক্যাম্পেইন)

সহযোগীতায় : মানুষের জন্য ফাউন্ডেশন

ভূমিকা:

দেশের সবচেয়ে অবহেলিত ও সুরক্ষা বঞ্চিত ১৪ লাখের ও বেশী গৃহশ্রমিকদের শ্রম আইনে অন্তর্ভুক্তির মাধ্যমে শ্রমিক হিসেবে স্বীকৃতি প্রদান সহ তাদের জন্য সংবিধান ও প্রচলিত শ্রম আইনে বর্ণিত সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় ট্রেড ইউনিয়ন ফেডারেশন ও মানবাধিকার সংগঠনসমূহের সমন্বয়ে গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক ২০০৬ সাল থেকে কাজ করে যাচ্ছে।

গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর উদ্যোগে জানুয়ারি ২০১২ থেকে ডিসেম্বর ২০১২ ইং পর্যন্ত যেসব কর্মসূচী পরিচালিত হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য কর্মসূচী নিম্নে তুলে ধরা হলো:

১. গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক কার্যক্রম:

মহান মে দিবস'১২ উদযাপন:

প্রতি বছরের ন্যায় এ বছরও মহান মে দিবস উদযাপন উপলক্ষে র‌্যালী ও বিভিন্ন পোষ্টার, লিফলেট প্রকাশ ও প্রচার এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত মে দিবসের সেমিনার ও মেলায় দু'টি স্টল দিয়ে বিল্‌স অংশগ্রহণ করেছে। এবারের মে দিবস উপলক্ষে বিল্‌স 'বাংলাদেশ শ্রম আইন-২০০৬ যুগোপযোগীকরণ' শীর্ষক একটি সেমিনার ০২ মে ২০১২ ইং ওসমানী স্মৃতি মিলানায়তন ঢাকায় অয়োজন করে।

সেমিনারে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখছেন মাননীয় মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন

২. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি'র সম্মানিত সভাপতি ও সদস্যবৃন্দের নিকট 'গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক' এর স্মারকলিপি:

গত ১৩ নভেম্বর ২০১২ ইং নিম্নোক্ত কয়েকটি বিষয়ে সরকার কর্তৃক কার্যকর উদ্যোগ গ্রহণ করার লক্ষ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি'র সম্মানিত সভাপতি ও সদস্যবৃন্দের নিকট স্মারকলিপি পেশ করা হয়েছে:

১. সরকার কর্তৃক প্রণীত ও দীর্ঘদিন অনুমোদনের অপেক্ষায় থাকা 'গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতিমালা ২০১০' দ্রুত অনুমোদন করা;
২. বাংলাদেশ শ্রম আইন ২০০৬ সংশোধনপূর্বক গৃহশ্রমিকদেরকে শ্রমিক শ্রমিক হিসেবে আইনে অন্তর্ভুক্ত করা;
৩. বাংলাদেশ কর্তৃক 'গৃহশ্রমিকদের জন্য শোভন কাজ' সংক্রান্ত কনভেনশন (নং ১৮৯) দ্রুত অনুসমর্থন করা;
৪. বিশেষ ব্যবস্থায় গৃহশ্রমিক নিবন্ধন, পরিদর্শন ও হেলপ লাইন টেলিফোন ব্যবস্থা চালু করা;
৫. গৃহশ্রমিক নির্যাতনের দ্রুত বিচারের ব্যবস্থা করা।

৩. ‘গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতিমালা ২০১০' অনুমোদন এবং আইএলও কনভেনশন ১৮৯ অনুসমর্থন : আমাদের করণীয়’ শীর্ষক কর্মশালা:

১৯ নভেম্বর ২০১২ ইং সিরডাপ মিলনায়তন, ঢাকায় **‘গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতিমালা ২০১০' অনুমোদন এবং আইএলও কনভেনশন ১৮৯ অনুসমর্থন : আমাদের করণীয়’** শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। বিলস-এর চেয়ারম্যান জনাব মো: হাবিবুর রহমান সিরাজ কর্মশালায় সভাপতিত্ব করেন। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর যুগ্ম সচিব জনাব মো: আমিনুল ইসলাম। স্বাগত বক্তব্য রাখেন বিল্‌স এর যুগ্ম মহাসচিব জনাব জাফরুল হাসান। কর্মশালার মূল বক্তব্য উপস্থাপন করেন বিল্‌স এর সহকারী নির্বাহী পরিচালক ও নেটওয়ার্ক সমন্বয়কারী সৈয়দ সুলতান উদ্দিন আহম্মদ, মডারেটর এর দায়িত্ব পালন করেন বিল্‌স এর সম্পাদক ডা. ওয়াজেদুল ইসলাম খান। কর্মশালায় প্রাপ্ত সুপারিশ উপস্থাপন করেন বিল্‌স-এর ভাইস চেয়ারম্যান জনাব শিরীন আখতার।

৪. ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ-এর সাথে মতবিনিময় সভা :

শ্রম আইনে গৃহশ্রমিকদের অন্তর্ভুক্তি বিষয়ে সরকারের নীতি নির্ধারক মহলের অঙ্গীকার, পাশাপাশি বিভিন্ন ট্রেড ইউনিয়ন ও মানবাধিকার কর্মী, পেশাজীবী ও নাগরিক সমাজ, নিয়োগকারী ও গৃহশ্রমিক সর্বমহল থেকে দাবী উত্থাপিত হলেও বর্তমান শ্রম আইন সংশোধনীর চূড়ান্ত পর্যায়ে গৃহশ্রমিকদের এ আইনে অন্তর্ভুক্ত করা হয়নি। এ পর্যায়ে শ্রম আইন-২০০৬ সংশোধনীতে গৃহশ্রমিকদের অন্তর্ভুক্তি নিশ্চিত করতে গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক-এর উদ্যোগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ এর সাথে **‘বাংলাদেশ শ্রম আইন-২০০৬ সংশোধনীতে গৃহশ্রমিক অন্তর্ভুক্তকরণ’** শীর্ষক একটি মতবিনিময় সভা ০৪ ফেব্রুয়ারি ২০১২ তারিখে বিল্‌স সেমিনার হলে অনুষ্ঠিত হয়।

৫. ট্রেড ইউনিয়ন ফেডারেশন ও মানবাধিকার সংগঠনের সাথে মতবিনিময় সভা:

৪ এপ্রিল ২০১২ বিল্‌স সেমিনার হল, ধানমন্ডি, ঢাকায় গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর উদ্যোগে জাতীয় ট্রেড ইউনিয়ন ফেডারেশন ও বিভিন্ন মানবাধিকার সংগঠনের প্রতিনিধিদের উপস্থিতিতে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন নেটওয়ার্কের সমন্বয়কারী সৈয়দ সুলতান উদ্দিন আহম্মদ। সভায় বিল্‌স-এর দুইজন কর্মকর্তার ফিলিপাইনে যোগদানকৃত রিজিওনাল ট্রেনিং “সামাজিক নিরাপত্তা ও অংশগ্রহণমূলক বাজেট বিষয়ক ক্যাম্পেইন

এডভোকেসি কৌশল"-এ অংশগ্রহণের অভিজ্ঞতা বিনিময়, কার্যক্রমের প্রতিবেদন উপস্থাপন, গৃহশ্রমিকদের শ্রম আইনে অন্তর্ভুক্তি, মে দিবস উদ্‌যাপন, নেটওয়ার্কভুক্ত হতে আগ্রহী সংগঠনসমূহের আবেদন যাচাইসহ অন্যান্য প্রাসঙ্গিক বিষয় নিয়ে আলোচনা করা হয়।সভায় মোট অংশগ্রহণকারী ছিলেন ২১ জন তন্মধ্যে নারী ১৫ জন এবং পুরুষ ৬ জন।

৬. গৃহশ্রমিকদের অধিকার সংক্রান্ত সভা:

নেটওয়ার্ক-এর অন্তর্ভূক্ত বিভিন্ন ট্রেড ইউনিয়ন সংগঠন গৃহশ্রমিকদের অধিকার সংক্রান্ত সভার আয়োজন করে। ঢাকার ৬টি এলাকায় ২৩ টি সভা অনুষ্ঠিত হয়। সভাসমূহে মোট অংশগ্রহণকারী ছিলেন ৫৩৫ জন, তন্মধ্যে নারী ৪৯৮ ও পুরুষ ৩৭।

৭. আন্তর্জাতিক গৃহশ্রমিক দিবস ২০১২ উদযাপন:

গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক-এর উদ্যোগে আইএলও কর্তৃক গৃহীত 'গৃহশ্রমিকদের জন্য শোভন কাজ' শীর্ষক কনভেনশন ১৮৯ এর এক বছর পূর্তি ও আন্তর্জাতিক গৃহশ্রমিক দিবস ২০১২ উদযাপন উপলক্ষে ১৬ জুন ২০১২ জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন আয়োজন করা হয়।

৮. বিশ্ব মানবাধিকার দিবসে গৃহশ্রমিক সমাবেশ ও মানববন্ধন:

১০ ডিসেম্বর ২০১২ বিশ্ব মানবাধিকার দিবস উপলক্ষে **'গৃহশ্রমিক নির্যাতন বন্ধ কর, গৃহশ্রমিকদের শ্রম আইনে অন্তর্ভুক্ত কর'** - এই দাবীতে জাতীয় জাদুঘর এর সামনে গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর উদ্যোগে অনুষ্ঠিত হয় গৃহশ্রমিক সমাবেশ ও মানববন্ধন। নেটওয়ার্কভুক্ত জাতীয় ট্রেড ইউনিয়ন ফেডারেশনসমূহের উদ্যোগে ঢাকা শহরের বিভিন্ন এলাকায় সংগঠিত তিন শতাধিক গৃহশ্রমিক এই কর্মসূচীতে অংশ নেন। সমাবেশ ও মানববন্ধন থেকে অবিলম্বে 'গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতিমালা ২০১০' অনুমোদন, 'গৃহশ্রমিকদের জন্য শোভন কাজ' সংক্রান্ত আইএলও কনভেনশন ১৮৯ অনুসমর্থন ও গৃহশ্রমিকদের শ্রম আইনে অন্তর্ভূক্ত করতে সরকারের প্রতি দাবী জানানো হয়।

৯. গৃহশ্রমিক নির্যাতন ও হত্যার সুষ্ঠু বিচার এবং হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে মানববন্ধন ও প্রতিবাদ

গৃহশ্রমিক নির্যাতন ও হত্যার প্রতিবাদে, সুষ্ঠু তদন্ত ও বিচার এবং দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে স্থানীয় জনগণ ও গৃহশ্রমিক, বিভিন্ন শ্রমিক সংগঠনের নেতৃবৃন্দদের

সাথে নিয়ে ‘যেখানেই গৃহশ্রমিক নির্যাতন সেখানেই প্রতিবাদ’ শীর্ষক প্রতিবাদ সভা ও মানববন্ধন ঢাকা ও গাজীপুর জেলার মোট দশটি স্থানে সংগঠিত হয়েছে।

১০. গৃহশ্রমিক নেটওয়ার্ক মিটিং

গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক-এর উদ্যোগে বিল্‌স সেমিনার হল, ধানমন্ডি, ঢাকায় গৃহশ্রমিক নেটওয়ার্কের সর্বমোট দশটি মিটিং অনুষ্ঠিত হয়। এতে মোট ৯৮ জন অংশগ্রহণকারী উক্ত সভাসমূহে উপস্থিত ছিলেন যার মধ্যে ৬৪ জন নারী এবং ৩৪ জন পুরুষ।

১১. গৃহশ্রমিক নেটওয়ার্ক ও বমসা’র যৌথ-সভাঃ

গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর সাথে বাংলাদেশী অভিবাসী মহিলা শ্রমিক এসোসিয়েশন (বমসা) ও বাংলাদেশ উইমেন ওয়ার্কার্স ইনিশিয়েটিভ সেন্টার (বিডব্লিউআইসি) এর আয়োজনে **‘গৃহশ্রমিক কল্যাণ নীতিমালা’** বিষয়ক একটি যৌথ পরামর্শ সভা ২৩ ফেব্রুয়ারী ২০১২ তারিখে বিল্‌স সেমিনার হলে অনুষ্ঠিত হয়।